MOCK TEST 01 FOR WBCS MAIN 2018

FULL MOCK TEST FOR WBCS MAIN 2018 <u>BENGALI</u> COMPULSORY PAPER

FULL MARKS 200

TIME : 2.5 HRS

Q1. আপনি <u>"একজন ভাল নাগরিক হিসাবে তার দায়িত্ব ও কর্তব্য"</u> সম্বন্ধে সচেতন করে একটি চিঠি আপনার বন্ধুকে লিখুনা

40 Marks

Q2. <u>"সম্প্রতি কাবেরী নদীর জল বন্টন বিষয়ে মাননীয় সুপ্রিম কোর্টের রায় ও তার প্রভাব"</u> সম্পর্কে অনধিক ২০০ শব্দে একটি রিপোর্ট লিখুন৷ 40 Marks

Q3. নিম্নলিখিত অণুচ্ছেদটির বাংলা অনুবাদ করুনা

40 Marks

And when the new bride, adorned with her necklace of gold, came into our house, the mystery of the inner apartments deepened. She, who came from outside and yet became one of us, who was unknown and yet our own, attracted me strangely--with her I burned to make friends. But if by much contriving I managed to draw near, my youngest sister would hustle me off with: "What d'you boys want here--get away outside." The insult added to the disappointment cut me to the quick. Through the glass doors of their cabinets one could catch glimpses of all manner of curious playthings--creations of porcelain and glass--gorgeous in colouring and ornamentation. We were not deemed worthy even to touch them, much less could we muster up courage to ask for any to play with. Nevertheless these rare and wonderful objects, as they were to us boys, served to tinge with an additional attraction the lure of the inner apartments. Thus had I been kept at arm's length with repeated rebuffs. As the outer world, so, for me, the interior, was unattainable. Wherefore the impressions of it that I did get appeared to me like pictures. After nine in the evening, my lessons with Aghore Babu over, I am

www.wbcsmadeeasy.in

retiring within for the night. A murky flickering lantern is hanging in the long venetianscreened corridor leading from the outer to the inner apartments. At its end this passage turns into a flight of four or five steps, to which the light does not reach, and down which I pass into the galleries running round the first inner quadrangle. A shaft of moonlight slants from the eastern sky into the western angle of these verandahs, leaving the rest in darkness. In this patch of light the maids have gathered and are squatting close together, with legs outstretched, rolling cotton waste into lamp-wicks, and chatting in undertones of their village homes. Many such pictures are indelibly printed on my memory.

Q4. নিম্নলিখিত অণুচ্ছেদটির সারমর্ম (প্রেসি) লিখুন (সরবরাহকৃত আলাদা আলাদা পাতা ব্যাবহার করুন)

40 Marks.

মানুষের ধর্মই এই যে, সে অনেকে মিলে একত্র বাস করতে চায়। একলা-মানুষ কখনোই পূর্ণমানুষ হতে পারে না; অনেকের যোগে তবেই সে নিজেকে ষোলো-আনা পেয়ে থাকে।

দল বেঁধে থাকা, দল বেঁধে কাজ করা মানুষের ধর্ম বলেই সেই ধর্ম সম্পূর্ণভাবে পালন করাতেই মানুষের কল্যাণ, তার উন্নতি। লোভ ক্রোধ মোহ প্রভৃতিকে মানুষ রিপু অর্থাৎ শত্রু বলে কেন। কেননা, এই-সমস্ত প্রবৃত্তি ব্যক্তিবিশেষ বা সম্প্রদায়বিশেষের মনকে দখল ক'রে নিয়ে মানুষের জোট বাঁধার সত্যকে আঘাত করে। যার লোভ প্রবল সে আপনার নিজের লাভকেই বড়ো করে দেখে, এই অংশে সে অন্য সকলকে খাটো করে দেখে; তখন অন্যের ক্ষতি করা, অন্যকে দুঃখ দেওয়া তার পক্ষে সহজ হয়। এইরকম যে-সকল প্রবৃত্তির মোহে আমরা অন্যের কথা ভুলে যাই, তারা যে কেবল অন্যের পক্ষেই শত্রু তা নয়, তারা আমাদের নিজেরই রিপু; কেননা, সকলের যোগে মানুষ নিজের যে পূর্ণতা পায়, এই প্রবৃত্তি তারই বিঘ্ন করে।

স্বধর্মের আকর্ষণে মানুষ এই-যে অনেকে এক হয়ে বাস করে, তারই গুণে প্রত্যেক মানুষ বহুমানুষের শক্তির ফল লাভ করে। চার পয়সা খরচ করে কোনো মানুষ একলা নিজের শক্তিতে একখানা সামান্য চিঠি চাটগাঁ থেকে কন্যাকুমারীতে কখনোই পাঠাতে পারত না; পোস্টঅফিস জিনিসটি বহু মানুষের সংযোগ-সাধনের ফল; সেই ফল এতই বড়ো যে তাতে চিঠি পাঠানো সম্বন্ধে দরিদ্রকেও লক্ষপতির দুর্লভ সুবিধা দিয়েছে। এই একমাত্র পোস্টঅফিসের যোগে ধর্মে অর্থে শিক্ষায় পৃথিবীর সকল মানুষের কী প্রভূত উপকার করছে হিসাব করে তার সীমা পাওয়া যায় না। ধর্মসাধনা জ্ঞানসাধনা সম্বন্ধে প্রত্যেক সমাজেই মানুষের সন্মিলিত চেষ্টার কত-যে অনুষ্ঠান চলছে তা বিশেষ করে বলবার কোনো দরকার নেই; সকলেরই তা জানা আছে।

তা হলেই দেখা যাচ্ছে যে, যে-সকল ক্ষেত্রে সমাজের সকলে মিলে প্রত্যেকের হিতসাধনের সুযোগ আছে সেইখানেই সকলের এবং প্রত্যেকের কল্যাণ। যেখানেই অজ্ঞান বা অন্যায়বশত সেই সুযোগে কোনো বাধা ঘটে সেইখানেই যত অমঙ্গল।

Q5. "বর্তমান যুগে রবীন্দ্রনাথের লেখাগুলির প্রাসঙ্গিকতা"- সম্বন্ধে একটি প্রবন্ধ লিখুনা (200 words) 40 Marks